

প্রশ্নঃ ৬১৩. আসসালামুয়ালাইকুম ওয়া রাহমাতুল্লাহ। হযরত কোনো ওয়াক্ফিয়া মসজিদে যদি যে কোনো ওয়াক্ফের আজান না দিয়ে বা নামাজ না পড়ে যদি জামে মসজিদে গিয়ে পড়ে। তাহলে ওয়াক্ফিয়া মসজিদে আজান না দেওয়া ও নামাজ না পড়ার কারণে গুনাহ হবে কি। বিস্তারিত জানাবেন ইনশাআল্লাহ

গ্রামের সমজিদ যদি জামে সমজিদ নাও হয় তবুও তাতে আযান ইকামত জামাত বাদ দিলে সুন্নতে মুয়াক্কাদা তরকের গুনাহ হবে। পুরো মহল্লাবাসী গুনাগার হবে। তাছাড়া নিজ মহল্লার মসজিদে নামাজ পড়া উত্তম অন্যত্র জামে মসজিদের চেয়েও।

الفتاوى الهندية، كتاب الصلاة، الباب الثاني فى الاذان-1/54

وقد صرحوا بأن مسجد المحلة أفضل من المسجد الجامع، بل فى التتارخانية عن المحيط: صلاة الحى فى مسجدهم أفضل من صلاتهم فى المسجد الجامع وإن كثرت الجماعة فى الجامع. ((رد المحتار على الدر المختار، كتاب الصلاة، باب الإمامة

রাসুলুল্লাহ (সা.) বলেছেন, ‘মানুষ যেন তার পার্শ্ববর্তী মসজিদে নামাজ পড়ে এবং এ মসজিদ—সে মসজিদ করে না বেড়ায়।’ (তাবরানি, সিলসিলাহ সহিহাহ, আলবানি, হাদিস : ২২০০)

অনলাইনে দেখার জন্য স্ক্যান করুন:

